গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নং- ২১.০০.০০০০.০০৮.১৯.০২০.২০-১৫৬

তারিখঃ ২১ কার্তিক ১৪৩০ বঃ / ০৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত **"রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং"** শীর্ষক প্রকল্পটি জুন, ২০২২ -এ সমাপ্ত হয়েছে। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি কর্তৃক সরেজমিন পরিদর্শনের আলোকে প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রণীত প্রতিবেদনে নিম্নের সুপারিশ/ মতামতসমূহ করা হয়েছে:

- পায়রা বন্দর চ্যানেলটিতে অতিরিক্ত পলি জমায় নিয়মিত ড্রেজিং কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন মর্মে প্রতিয়মান হয়। এ প্রেক্ষিতে, প্রকল্পের মাধ্যমে ড্রেজিংকৃত চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য পায়রা বন্দর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ড্রেজিং কাজ একটি বিশেষায়িত কাজ হওয়ায় প্রকল্পটির কার্যক্রম টেকসইকরণের লক্ষ্যে পাবকের নিজস্ব জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণের পাশাপাশি এ সংক্রান্ত উন্নত প্রশিক্ষণের মাধ্যমে ড্রেজিং কাজে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধি করতে হবে;
- পায়রা বন্দরগামী জাহাজ চলাচলের জন্য চ্যানেলসমূহের নাব্যতা যথাযথ রাখতে ভবিষ্যতে নিয়মিত ড্রেজিং করা প্রয়োজন মর্মে দেখা যায়। এ প্রেক্ষিতে, ভবিষ্যতে ড্রেজিং এর ফলে উত্তোলিত বালি, পলি আবাদি জমির উপর না ফেলে অন্যত্র জমা করার বিষয়ে সচেতন থাকতে হবে;
- এ প্রতিবেদনে বর্ণিত সুপারিশ/ মতামতের আলোকে গৃহিত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০.১১.২০২৩ তারিখের মধ্যে আইএমইডিকে লিখিতভাবে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, সরেজমিন পরিদর্শনের আলোকে প্রণীত প্রতিবেদন সদয় অবলোকনপূর্বক সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মূল্যায়ন প্রতিবেদন।

০৬.১১.২০২৩
(শবনম শারমিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৮০৬৩৯

সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৩. প্রকল্প পরিচালক, "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক সমাপ্ত প্রকল্প, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।

**সদয় অবগতির জন্য অনুলিপি :**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. পরিচালক-১ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## সমাপ্ত: জুন, ২০২২ খ্রিঃ

(ক) আইএমইডি-এর পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি: শবনম শারমিন, উপপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(খ) পরিদর্শনের তারিখ: ০৬ অক্টোবর ২০২৩ খ্রি.
(গ) পরিদর্শনকৃত এলাকা: পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেল, কলাপাড়া, পটুয়াখালী।

### প্রকল্পের মৌলিক তথ্য

১। প্রকল্পের নাম: "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং"
২। প্রকল্পের ধরণ: বিনিয়োগ
৩। অর্থায়নের উৎস: চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুদান (নিজস্ব অর্থ)।
৪। (ক) উদ্যোগি মন্ত্রণালয়: নৌপরিবহন মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারি সংস্থা: পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | প্রকৃত বাস্তবায়নকাল |
|---|---|---|---|
| মূল | | মূল | |
| ৪৩,৭৩০.০০ | ৪১৩,৩৩.৯১ | ০১ নভেম্বর ২০২০ থেকে ৩০ জুন ২০২২ | ০১ নভেম্বর ২০২০ থেকে ৩০ জুন ২০২২ |

৬। প্রকল্পের উদ্দেশ্য: পায়রা কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রে নিয়মিতভাবে কয়লা সরবরাহের লক্ষ্যে কয়লাবাহী জাহাজ চলাচল করার জন্য রাবনাবাদ চ্যানেলের (৬.৩ মিঃ সিডি) রক্ষণাবেক্ষণ ড্রেজিং করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৭। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম: ঠিকাদার কর্তৃক প্রকল্প এলাকার প্রস্তুতি, মবিলাইজেশন, রক্ষণাবেক্ষণ ড্রেজিং কার্যক্রম পরিচালনা, জরিপ কাজের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ড্রেজিং পর্যবেক্ষণ এবং ডি-মবিলাইজেশন।

৮। (ক) প্রকল্প এলাকা:

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| বরিশাল | পটুয়াখালী | কলাপাড়া (পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেল) |

(খ) প্রকল্প অফিসের জনবল:

| ক্রমিক | পদের নাম ও গ্রেড | ডিপিপি মোতাবেক পদের সংখ্যা | নিয়োগের ধরণ | নিয়োগকৃত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | প্রকল্প পরিচালক (গ্রেড-২) | ০১ টি | অতিরিক্ত দায়িত্ব | ০১ টি | - | - |
| ০২। | উপ-প্রকল্প পরিচালক (গ্রেড-৬) | ০১ টি | অতিরিক্ত দায়িত্ব | ০১ টি | - | - |
| ০৩। | হাইড্রোগ্রাফি সার্ভে স্পেশালিষ্ট | ০৪ টি | EOI পদ্ধতিতে | ০২ টি | ০২ টি | - |
| ০৪। | ড্রেজিং স্পেশালিষ্ট | ০৩ টি | EOI পদ্ধতিতে | ০২ টি | ০২ টি | - |
| ০৫। | হিসাবরক্ষক (গ্রেড-১৩) | ০১ টি | অতিরিক্ত দায়িত্ব | ০১ টি | - | - |
| ০৬। | অফিস সহকারী কাম কম্পিউটার অপা: (গ্রেড-১৬) | ০৩ টি | আউটসোসিং পদ্ধতি | ০৩ টি | - | - |
| ০৭। | ওএসএস | ০২ টি | আউটসোসিং পদ্ধতি | ০২ টি | - | - |

সূত্র: পিসিআর এবং প্রকল্প অফিস।

৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

| প্রকল্প পরিচালকের নাম | দায়িত্বের ধরণ | দায়িত্ব কাল |
|---|---|---|
| কমান্ডার এম রাফিউল হাসাইন (ট্যাজ), পিএসসি,বিএন, (অবঃ) সদস্য (প্রশাসন ও অর্থ),পাবক | অতিরিক্ত দায়িত্ব | ০২ ডিসেম্বর ২০২০ থেকে ৩০ জুন ২০২২ |

২

## প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

১০। (ক) অঙ্গভিত্তিক বাস্তবায়ন (লক্ষ টাকায়)

| কোড | কাজের অঙ্গ (ডিপিপি অনুসারে) | লক্ষ্যমাত্রা ডিপিপি অনুসারে (প্রাক্কলিত ব্যয়) | প্রকৃতি অগ্রগতি (প্রকৃত ব্যয়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০ | ক) আবর্তক ব্যয় | - | | |
| ০ | কর্মকর্তাদের বেতন | - | | |
| ৩১১১১০১ | মূল বেতন (কর্মকর্তা) | ২৭.৬৯ | ০ | |
| | কর্মচারীদের বেতন | - | | |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ৩.৯৫ | ০ | |
| | **উপমোট মূল বেতন** | | | |
| | ভাতাদি | - | | |
| ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা | ৩.০০ | ০.৮৩ | |
| ৩১১১৩০২ | যোগাযোগ ভাতা | ৩.০০ | ০ | |
| ৩১১১৩০৩ | দৈনিক/খোড়াকি ভাতা | ১.০০ | ০ | |
| ৩১১১৩০৪ | মহার্ঘ্য ভাতা | ৫.৫৪ | ০ | |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ০.৪২ | ০ | |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ১২.৪৬ | ০ | |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ০.৬৩ | ০ | |
| ৩১১১৩১২ | টেলিফোন (মোবাইল) ভাতা | ২.০০ | ০ | |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ১.০০ | ০ | |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৫৫.৩৭ | ০ | |
| ৩১১১৩২৭ | ওভারটাইম ভাতা | ১.০০ | ০ | |
| ৩১১১৩২৯ | ট্রেনিং ভাতা | ২.০০ | ০ | |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | ২.০০ | ০ | |
| ৩১১১৩৩২ | সম্মানি ভাতা | ৩.০০ | ০ | |
| ৩১১১৩৩৫ | নববর্ষ ভাতা | ৭.২৩ | ০ | |
| ৩১১১৩৩৭ | ডিসটার্বেন্স ভাতা (সামরিক বাহিনীর সদস্যদের জন্য) | ২.০০ | ০ | |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা (কর্মদক্ষতা, পোশাক পিস টাইম এওয়ার্ড ইত্যাদি | ৬.০০ | ০ | |
| | **উপমোট ভাতা** | | | |
| ০ | প্রশাসনিক ব্যয় | - | | |
| ৩২১১১০২ | পরিস্কার পরিচ্ছন্নতা | ১.০০ | ০.৯৪ | |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ১০.০০ | ৯.৯৫ | |
| ৩২১১১০৭ | হায়ারিং চার্জ (গাড়ি ভাড়া) | - | | |
| ৩২১১১০৭ | মাইক্রোবাস (জ্বালানি, ড্রাইভার, ভ্যাট (১৫%) এবং ট্যাক্সসহ (৩%) | ৪৮.৩০ | ৪৭.৯০ | |
| ৩২১১১০৭ | ৪ চাকা চালিত ডাবল কেবিন পিকআপ (ক্যারিবয়সহ) (জ্বালানি, ড্রাইভার, ভ্যাট (১৫%) এবং ট্যাক্সসহ (৩%) | | | |
| ৩২১১১১০ | আইন সংক্রান্ত ব্যয় | ২০.০০ | ০ | |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | ২.০০ | ১.৯৭ | |
| ৩২১১১১৯ | ডাক কুরিয়ার | ০.৫ | ০.২৫ | |
| ৩২১১১২০ | টেলিফোন/মোবাইল | ২.০০ | ১.৯৩ | |

| কোড | কাজের অঙ্গ (ডিপিপি অনুসারে) | লক্ষ্যমাত্রা ডিপিপি অনুসারে (প্রাক্কলিত ব্যয়) | প্রকৃতি অগ্রগতি (প্রকৃত ব্যয়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩২১১১২৫ | প্রচারণা বিজ্ঞাপন | ১০.৭১ | ৯.৫৫ | |
| ৩২১১১২৬ | অডিও/ভিডিও | ২০.০০ | ১৪.২১ | |
| ৩২২১১০৪ | রেজিস্ট্রেশন | ১ | ০ | |
| ৩২২১১০৯ | ব্যবস্থাপনা চার্জ (আউটসোর্সিং) | ১৭.৯৯ | ১৫.৬৮ | |
| ০ | ট্রেনিং | | | |
| ৩২৩১২০১ | স্থানীয় প্রশিক্ষণ | ৫০.০০ | ৫.০০ | |
| ০ | অভ্যন্তরীণ ভ্রমনভাতা | - | | |
| ৩২৪১১০১ | অভ্যন্তরীণ ভ্রমন ব্যয় | ১০.০০ | ৯.৯১ | |
| | মুদ্রণ ও ষ্টেশনারি | - | | |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রি | ১.০০ | ০.৯৯ | |
| ৩২৫৫১০২ | মুদ্রণ এবং বাধাই | ৫.০০ | ৪.৭৬ | |
| ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সিল | ০.৫ | ০.২৫ | |
| ৩২৫৫১০৫ | অন্যান্য স্টেশনারি | ৫.০০ | ৪.৯৭ | |
| | পেশাগত সেবা | - | | |
| ৩২৫৭১০১ | কনসালটেন্সি ফি (৭ জন ব্যক্তি পরামর্শক) | ১১০.২৫ | ৪২.৩৩ | |
| ৩২৫৭২০৬ | সম্মানি/পারিতোষিক | ১০.০০ | ৪.১৮ | |
| ৩২৫৭৩০১ | উৎসব/অনুষ্ঠান | ১৫.০০ | ৯.২৮ | |
| | মেরামত ও রক্ষনাবেক্ষণ | | | |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ১.০০ | ০.২১ | |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ১.০০ | ০.৯৯ | |
| ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জাম | ১.০০ | ০.৯২ | |
| ৩২৫৮১৪০ | মোটরযান রক্ষনাবেক্ষণ ব্যয় (ভাতা) | ২১.০০ | ০ | |
| ৩৯১১১১২ | অপ্রত্যাশিত ব্যয় | ১৭.৯০ | ১৭.৮৪ | |
| | ব্যাংক খরচ | | ০.৫৩ | |
| | উপমোট প্রশাসনিক ব্যয় | | | |
| ০ | ক) উপমোট (আবর্তক ব্যয়) | ৫২১.৪৩ | ২০৫.৩৭ | |
| ০ | খ) মূলধন ব্যয় | | | |
| ০ | অন্যান্য অবকাঠামো | | | |
| ৪১১১৩০৭ | নিকাশ কাঠামো (মোবিলাইজেশন ডিমোবিলাইজেশন এবং ৭.৫% ভ্যাট ও ৭.৫% ট্যাক্সসহ ড্রেজিং (অফসোর ডাম্পিং) ব্যয় | ৪১৯,৩৪.৭৫ | ৪১১,১৩.৭২ | |
| ০ | কম্পিউটার সরঞ্জাম | | | |
| ৪১১২২০২, ৪১১২২০২, ৪১১২৩১০ | ল্যাপটপ,লেজার প্রিন্টার,ফটোকপি | ৫.১০ | ৪.৯১ | |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ১০.০০ | ৯.৯০ | |
| ৪৯১১১১২ | ভৌত কন্টিজেন্সি | ৪১৯.৫৭ | ০ | |
| ৪৯১১১১২ | প্রাইস কন্টিজেন্সি | ৮৩৯.১৫ | ০ | |
| | খ) উপমোট (মূলধন ব্যয়) | ৪৩২০৮.৫৭ | ৪১১,২৮.৫৩ | |
| | মোট = (ক+খ) | ৪৩৭,৩০.০০ | ৪১৩,৩৩.৯০ | |

তথ্যসূত্র: ডিপিপি ও প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।

১১। অর্থবছর ভিত্তিক প্রকল্পের অর্থ সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয়: বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নকারি সংখ্যার নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হওয়ায় অর্থ বরাদ্দ ও অর্থ ছাড়করণের প্রয়োজন হয়নি।

১২। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যাদি:

(ক) সেবা ক্রয় সংক্রান্ত:

| প্রকিউরমেন্টের বিবরণ | চুক্তিমূল্য | | তারিখ | | সেবা সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|
| | ডিপিপি অনুসারে | প্রকৃত | আহ্বানের তারিখ | চুক্তি স্বাক্ষরের তারিখ | চুক্তি মোতাবেক | প্রকৃত |
| ব্যক্তি পরামর্শক | ১১০.২৫ | ৪২.৩৩ | ২৫-০১-২০২১ | ২৯-০৪-২০২১ | ৩০-০৬-২০২২ | ৩০-০৬-২০২২ |
| গাড়ি ভাড়া | ৪৮.৩০ | ৪৭.৯০ | ০১-০২-২০২১ | ০৩-০৩-২০২১ | ৩০-০৬-২০২২ | ৩০-০৬-২০২২ |
| ব্যবস্থাপনা (আউটসোর্সিং) | ১৭.৯৯ | ১৫.৬৮ | ০৭-০১-২০২১ | ২৫-০২-২০২১ | ৩০-০৬-২০২২ | ৩০-০৬-২০২২ |

সূত্রঃ ডিপিপি ও প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্য।

১৩। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

| অডিট কর্তৃপক্ষ | অডিটের অর্থবছর | আপত্তির সংখ্যা | অডিট আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ | নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত পদক্ষেপ | আপত্তি নিষ্পত্তির অবস্থা |
|---|---|---|---|---|---|
| সরকারি পরিবহন অডিট অধিদপ্তর | ২০২০-২০২১ | নাই | - | - | - |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ (অভ্যন্তরীণ নিরীক্ষা) | ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ | নাই | - | - | - |

তথ্যসূত্র: পিসিআর ও প্রকল্প ব্যবস্থাপনা অফিস।

১৪। প্রকল্পের লক্ষ্যমাত্রা ও অর্জন:

| কম্পোনেন্ট/ আউটকাম | একক | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জিত পরিমাণ |
|---|---|---|---|
| নিকাশ কাঠামো (মোবিলাইজেশন ডিমোবিলাইজেশন এবং৭.৫% ভ্যাট ও ৭.৫% ট্যাক্সসহ ড্রেজিং (অফসোর ডাম্পিং) ব্যয় | ঘনমিটার | ৯.৭৫ মিলিয়ন ঘনমিটার ড্রেজিং করে চ্যানেলের গভীরতা -৬.৩ মি: সিডি বজায় রাখা। | সরেজমিন পরিদর্শনে দেখা যায়, ড্রেজিং সম্পন্ন হওয়ার পর রাবনাবাদ চ্যানেলের (আউটার ও ইনার) চ্যানেলের প্রায় ৭৫ কি:মি: অংশে ৯.৭৫ মিলিয়ন ঘনমিটার ড্রেজিং করে চ্যানেলের গভীরতা -৬.৩ মি: সিডি বজায় রাখা হয়েছে। |

১৫। (ক) পরিদর্শনের বর্ণনা:

গত ০৬/১০/২০২৩ খ্রি: তারিখে জনাব শবনম শারমিন, উপপরিচালক (সিনিয়র সহকারি সচিব), আইএমইডি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক সমাপ্ত প্রকল্পটির পটুয়াখালী জেলায় বাস্তবায়িত কাজ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম, যথা: ৯.৭৫ মিলিয়ন ঘনমিটার ড্রেজিং করে চ্যানেলের গভীরতা ৬.৩ মি: সিডি বজায় রাখা, ঠিকাদার কর্তৃক প্রকল্প এলাকার প্রস্তুতি, মবিলাইজেশন, রক্ষণাবেক্ষণ ড্রেজিং কার্যক্রম পরিচালনা, জরিপ কাজের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ড্রেজিং পর্যবেক্ষণ এবং ডি-মবিলাইজেশন পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণে দেখা যায়, প্রকল্প স্থানে বর্তমানে "পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং" প্রকল্পটি চলমান রয়েছে। চ্যানেলটির বিভিন্ন স্থানে গভীরতা ডিজিটাল পদ্ধতিতে পরিমাপ করে যথাযথ পাওয়া যায়।

(খ) পরিদর্শনের স্থিরচিত্র:





চিত্র: পায়রা বন্দরের "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং" প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

১৬। **পরিদর্শনের আলোকে বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:**

১৬.১ **প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত পর্যালোচনা:**

৩০ জুন ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি (৪১৩,৩৩.৯১) লক্ষ টাকা (৯৯.৯৯%) এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতির ১০০%। প্রকল্পের মেয়াদ ছিল ০১ নভেম্বর, ২০২০ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত। এ প্রেক্ষিতে প্রকল্পটি সন্তোষজনক বলে মর্মে প্রতীয়মান হয়।

১৬.২ **কাজের গুনগত মান:** সন্তোষজনক।

১৬.৩ **প্রকল্পের প্রভাব:**

**সরাসরি প্রভাবঃ**

এই প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে অক্টোবর ২০১৯ সালে বন্দরে বিদেশি জাহাজের আগমন হয়েছিল ২ টি। ড্রেজিং পরবর্তীতে অক্টোবর ২০২৩ মাসে বন্দরে বিদেশি জাহাজের আগমন ঘটেছে ১০ টি ফলে বর্তমানে রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে মর্মে দেখা যায়।

**পরোক্ষ প্রভাবঃ**

প্রকল্পটি আন্তর্জাতিক শিপিং লাইন ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাগুলি যেমনঃ শিপিং এজেন্ট, রফতানিকারক, আমদানিকারক এবং অন্যান্য বন্দর ব্যবহারকারীদের সেবা প্রদান করে পরোক্ষভাবে অনেক সুযোগ-সুবিধা বয়ে আনবে মর্মে প্রকল্প অফিস থেকে জানা যায়। এছাড়া, প্রকল্পটি আন্তর্জাতিক ও দেশি বাণিজ্য বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

**প্রকল্পের মাধ্যমে প্রযুক্তি ও প্রাতিষ্ঠানিক জ্ঞান স্থানান্তরঃ**

প্রকল্পটির প্রকৌশলীগণ এবং অন্যান্য কর্মচারীরা ড্রেজিং সম্পর্কিত প্রযুক্তিগত ও প্রতিষ্ঠানিক জ্ঞান অর্জন করেছেন।

**প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিঃ**

প্রকল্পটি বন্দর কর্তৃপক্ষের নিজস্ব জনবল দ্বারা বাস্তবায়িত হলেও এই প্রকল্পটি বাস্তবায়নের ফলে বন্দরের ব্যবসা বাণিজ্য বৃদ্ধিসহ বন্দর সংশ্লিষ্ট সংস্থাগুলিতে প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

**আর্থ-সামাজিক কার্যক্রমের উপর সম্ভাব্য প্রভাবঃ** প্রকল্পটি দ্বারা বন্দরের আয় বৃদ্ধিতে সরাসরি প্রভাব রয়েছে যার ফলস্বরূপ সামগ্রিকভাবে সমাজের আর্থ-সামাজিক কার্যক্রম বৃদ্ধি পেয়েছে মর্মে ধারণা করা যায়।

**পরিবেশের উপর প্রভাবঃ**

প্রকল্পটি বাস্তবায়নের সময় পরিবেশগত দিক থেকে কোন প্রতিকূল প্রভাব দেখা যায়নি। প্রকল্পটির বাস্তবায়নের ফলে জমি, পানি, বাতাস, জীববৈচিত্র্য ও পরিবেশ ইত্যাদিতে কোন বিরূপ প্রভাব পড়ে নি মর্মে দেখা যায়।

**দারিদ্র বিমোচনে/হ্রাসে অবদানঃ**

প্রকল্পটি বন্দরের নিজস্ব জনবল দ্বারা বাস্তবায়িত হয়েছে বিধায় জনবল নিয়োগ করা হয়নি। প্রকল্পটি বাস্তবায়নের ফলে বন্দরের বানিজ্য ও ব্যবসা কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। এতে বন্দরের সাথে সম্পর্কিত সংস্থাগুলিতে সার্বিকভাবে কর্মসংস্থানের সুযোগ আগের তুলনায় বেড়েছে।

১৬.৪ **প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি:**

প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ৪৩,৭৩০.০০ লক্ষ টাকা এবং মূল বাস্তবায়ন মেয়াদ ০১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত। সর্বশেষ প্রকল্প ব্যয় ৪১৩,৩৩.৯১ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ০১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত। মূল ডিপিপি অনুযায়ী নির্দিষ্ট সময়ে প্রাক্কলিত মূলের অনেক কমে প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে মর্মে দেখা যায়। পিসিআর মোতাবেক প্রকল্পের সার্বিক আর্থিক ও বাস্তব অর্জন ১০০%।

১৬.৫ **অডিট সম্পাদন সংক্রান্ত পর্যালোচনা ও পর্যবেক্ষণ:** উল্লিখিত প্রকল্পের আর্থিক ও ভৌতিক কার্যক্রম সরকারি পরিবহন অডিট অধিদপ্তর কর্তৃক ১৭ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে নিরীক্ষা সংক্রান্ত Non-SFI প্রতিবেদন এবং ১১ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে SFI প্রতিবেদন দাখিল করেন। এছাড়া পাবকের অডিট বিভাগ কর্তৃক ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থবছরের অভ্যন্তরীণ নিরীক্ষা নিরীক্ষা ০৮ আগস্ট ২০২৩ থেকে ০৯ আগস্ট ২০২৩ খ্রি. সম্পন্ন করেন। প্রকল্পের সার্বিক কার্যক্রমের উপর উভয় নিরীক্ষা প্রতিবেদনে কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি মর্মে প্রকল্প অফিস থেকে জানা যায়।

১৬.৬ **প্রকল্প কার্যক্রম টেকসইকরণে সমস্যা:**

পায়রা বন্দর জেটিতে পণ্যবাহী জাহাজ হ্যান্ডলিং এর জন্য "রাবনাবাদ চ্যানেলের (ইনার ও আউটার চ্যানেল) জরুরি রক্ষণাবেক্ষণ ড্রেজিং" শীর্ষক প্রকল্পটি মোট ৪১৩,৩৩.৯১ লক্ষ টাকা ব্যয়ে সম্পাদিত হয়েছে। প্রকল্পের যাবতীয় কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্নিঝড়, সাইক্লোন ও দীর্ঘকালীন বর্ষাসহ বিভিন্ন অনাকাঙ্খিত বিরূপ আবহাওয়ার কারনে দীর্ঘ চ্যানেলটিতে অতিরিক্ত পলি জমা পড়ে। ফলশ্রুতিতে ড্রেজিং পরবর্তী উক্ত অতিরিক্ত পলি অপসারন এবং চ্যানেলটির নাব্যতা (-৬.৩) মিটার সিডিতে উন্নীত করতে রক্ষণাবেক্ষণ ড্রেজিং প্রয়োজন মর্মে প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের থেকে জানা যায়।

১৭ **সুপারিশঃ**

- পায়রা বন্দর চ্যানেলটিতে অতিরিক্ত পলি জমায় নিয়মিত ড্রেজিং কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন মর্মে প্রতিয়মান হয়। এ প্রেক্ষিতে, প্রকল্পের মাধ্যমে ড্রেজিংকৃত চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য পায়রা বন্দর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ড্রেজিং কাজ একটি বিশেষায়িত কাজ হওয়ায় প্রকল্পটির কার্যক্রম টেকসইকরণের লক্ষ্যে পাবকের নিজস্ব জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণের পাশাপাশি এ সংক্রান্ত উন্নত প্রশিক্ষণের মাধ্যমে ড্রেজিং কাজে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধি করতে হবে;
- পায়রা বন্দরগামী জাহাজ চলাচলের জন্য চ্যানেলসমূহের নাব্যতা যথাযথ রাখতে ভবিষ্যতে নিয়মিত ড্রেজিং করা প্রয়োজন মর্মে দেখা যায়। এ প্রেক্ষিতে, ভবিষ্যতে ড্রেজিং এর ফলে উত্তোলিত বালি, পলি আবাদি জমির উপর না ফেলে অন্যত্র জমা করার বিষয়ে সচেতন থাকতে হবে;

১৮। এ প্রতিবেদনে বর্ণিত সুপারিশ/ মতামতের আলোকে গৃহিত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০.১১.২০২৩ তারিখের মধ্যে আইএমইডিকে লিখিতভাবে অবহিত করতে হবে।

০৫.১১.২০২৩

(শবনম শারমিন)

উপপরিচালক